

তিন পাহাড়ের কোলে

শক্তি চট্টোপাধ্যায়

১. তিন পাহাড়ের কোল লেখকের কাছে যেমন 'নকশী কাঁথার' মত লেগেছিল, ঠিক তেমনি কোনো জায়গা ঘুরতে গিয়ে তোমার কাছে কি ঠিক তেমনই অত্যাশ্চর্য লেগেছে? নিজের ভাষায় বর্ণনা করো।

২. পাহাড়ে ঘুরতে যাওয়ার অভিজ্ঞতা আছে? সেখানকার রাত আর দিনের সৌন্দর্যের মধ্যে কি পার্থক্য তুমি অবলোকন করেছিলে নিজের ভাষায় পরিচয় দাও।

৩. "থাকবো নাকো বন্ধ ঘরে দেখবো এবার জগৎটাকে" - হঠাৎ বেরিয়ে পড়ার এমন স্পৃহা তোমার মধ্যে কোনো আলোড়ন তোলে কি? বিস্তারিত জানাও।

৪. এমন কোনো জায়গায় ভ্রমণ করতে গিয়েছো, যেখানে পৌঁছে মনে হয়েছে এটা 'সব পেয়েছির দেশ'? নিজের ভাষায় বর্ণনা করো সেই স্থানের কথা।

৫. পাহাড়, অরণ্য আর সমুদ্রের মধ্যে কোনটি তোমায় সবচাইতে বেশী টানে? সেই অমোঘ আকর্ষণের বৃত্তান্ত নিজের ভাষায় লেখো।

৬. পূর্ণিমার রাতে বাড়ির ছাদে বসে কখনো মেঘমুক্ত নির্মল আকাশ দেখেছো? একটু লিখে ফেলো দেখি সে অনুভূতির কথা।